

🗏 আয-যুমার | Az-Zumar | ٱلزُّمَر

আয়াতঃ ৩৯:১৫

💵 আরবি মূল আয়াত:

فَاعِبُدُوا مَا شِئتُم مِّن دُونِهِ ؟ قُل إِنَّ الخُسِرِينَ الَّذِينَ خَسِرُوا اَنفُسَهُم وَ اَعْبُدُوا مَا شِئتُم مِّن دُونِهِ القُل إِنَّ الخُسرَانُ المُبِينُ ﴿١٥﴾ اَهلِيهِم يَومَ القِيمَةِ ؟ اَلَا ذَٰلِكَ هُوَ الخُسرَانُ المُبِينُ ﴿١٥﴾

'অতএব তাঁকে বাদ দিয়ে অন্য যা কিছুর ইচ্ছা তোমরা 'ইবাদাত কর'। বল, 'নিশ্চয় তারা ক্ষতিগ্রস্ত যারা কিয়ামত দিবসে নিজদেরকে ও তাদের পরিবারবর্গকে ক্ষতিগ্রস্ত পাবে। জেনে রেখ, এটাই স্পষ্ট ক্ষতি'। — আল-বায়ান অতএব, তাঁকে বাদ দিয়ে তোমরা যার ইচ্ছে 'ইবাদাত কর (এতে আল্লাহর কোন ক্ষতি হবে না, ক্ষতি তোমাদেরই হবে)। বল– যারা নিজেদেরকে আর নিজেদের পরিবার–পরিজনকে ক্বিয়ামতের দিনে ক্ষতিগ্রস্ত করে, তারাই তো ক্ষতিগ্রস্ত। জেনে রেখ, এটাই হল স্পষ্ট ক্ষতি। — তাইসিরুল

অতএব তোমরা আল্লাহর পরিবর্তে যার ইচ্ছা তার ইবাদাত কর। বলঃ কিয়ামাত দিবসে ক্ষতিগ্রস্ত তারাই যারা নিজেদের ও নিজেদের পরিবারবর্গের ক্ষতিসাধন করে। জেনে রেখ, এটাই সুস্পষ্ট ক্ষতি। — মুজিবুর রহমান

So worship what you will besides Him." Say, "Indeed, the losers are the ones who will lose themselves and their families on the Day of Resurrection. Unquestionably, that is the manifest loss." — Sahih International

- ১৫. অতএব তোমরা আল্লাহর পরিবর্তে যার ইচ্ছে তার ইবাদত কর। বলুন, ক্ষতিগ্রস্ত তারাই যারা কিয়ামতের দিন নিজেদের ও নিজেদের পরিজনবর্গের ক্ষতিসাধন করে।(১) জেনে রাখ, এটাই সুস্পষ্ট ক্ষতি।
 - (১) কারণ তারা এবং তাদের পরিবারের মধ্যে স্থায়ী বিচ্ছেদ হয়ে গেছে। এরা আর কোন দিন একত্রিত হতে পারবে না। চাই তাদের পরিবার জান্নাতে যাক বা তারা সবাই জাহান্নামে যাক। কোন অবস্থাতেই তাদের আর একসাথে হওয়া ও আনন্দিত হওয়া সম্ভব নয়। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(১৫) অতএব তোমরা আল্লাহর পরিবর্তে যার ইচ্ছা তার ইবাদত (দাসত্ব) কর। বল, 'আসল ক্ষতিগ্রস্ত তো তারাই; যারা কিয়ামতের দিন নিজেদেরকে ও নিজেদের পরিজনবর্গকে ক্ষতিগ্রস্ত করেছে। জেনে রাখ, এটিই সম্পষ্ট ক্ষতি।'



ф hadithbd.com কুরআন আয-যুমার | Az-Zumar | ।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4073

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন